# সরবরাহকারীর আচরণবিধি

কমনওয়েলথের বাহিনীগুলোর সেসব সদস্য চাকরিরত অবস্থায় মারা গেছেন বা দুটি বিশ্বযুদ্ধে সংঘর্ষের ফলে যারা মৃত্যু বরন করেছেন, তাদের কবর, স্মৃতিসৌধ, নথিপত্র, এবং উপাখ্যান তত্বাবধান করার মতো অত্যন্ত সম্মানজনক দায়িত্ব কমনওয়েলথ ওয়ার গ্রেভস কমিশনকে (সিডব্লিউজিসি) প্রদান করা হয়েছে।

আমরা অব্যাহতভাবে কেয়ার প্রদানকারী স্থায়ী সংস্থা; আমরা যা করি, আমরা কে এবং আমরা কীভাবে কাজ করি, তা প্রতিদিন দেখানো হয়। আমাদের নিজস্ব কেয়ার [CARE] এর মূল্যবোধ, আমাদের শেয়ার করা প্রত্যাশা, আচরণ এবং মান আমাদের সংস্কৃতিতে প্রতিফলিত হয়েছে ও বিন্যস্ত হয়েছে। তাই যারা আমাদের সাথে এবং আমাদের পক্ষে কাজ করেন, তাদের কাছ থেকে আমরা একই রকম প্রত্যাশা করি।

সিডাবলুজিসি [CWGC] এর সাথে সম্পর্ক তৈরি করার মাধ্যমে, আমরা চাই, আপনি আইনগত ও নৈতিক আচরণের নিম্নলিখিত ৮টি নীতি সহ প্রযোজ্য সকল আইন ও প্রবিধান মনে রাখবেন এবং মেনে চলবেন। :

1. **আপনি কার্যকর ঘুষ ও দুর্নীতি বিরোধী অবস্থানে থাকবেন।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- ঘুষ দিবেন না বা গ্রহণ করবেন না
- "গ্রীজ পেমেন্ট" করবেন না (যেমন, কোন সরকারি সার্ভিস বা নিয়ন্ত্রণে কাজের গতি বাড়ানোর জন্য অর্থ প্রদান)
- প্রযোজ্য সকল ঘুষ আইন এবং যুক্তরাজ্যের ঘুষ আইন মেনে চলবেন

2. **আপনি স্বার্থের দ্বন্দ্ব এড়িয়ে চলবেন।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- সিডাবলুজিসি [CWGC]-এর সর্বোত্তম স্বার্থে কাজ করা আপনার জন্য কঠিন হতে পারে, এমন কোন আর্থিক বা ব্যক্তিগত স্বার্থ এড়িয়ে চলবেন
- সিডাবলুজিসি [CWGC]-কে প্রভাবিত করতে পারে, এমন কোন ব্যক্তিগত বা আর্থিক স্বার্থ থাকলে, তা ঘোষণা করবেন

3. **আপনি কোন প্রকার দাসত্ব বা মানব পাচার, বা মানবাধিকারের অন্যান্য শোষণের সাথে জড়িত হবেন না বা ঐ সব কাজ সহ্য করবেন না।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- হুমকি দিয়ে শ্রম দিতে বাধ্য করবেন না বা শিশুশ্রম ব্যবহার করবেন না
- কোন উদ্দেশ্যেই দাস ব্যবহার করবেন না
- আপনার কর্মচারীদের গতিবিধি নিয়ন্ত্রণ করবেন না
- মানব পাচার করবেন না বা আপনার কাজকর্মে পাচার হওয়া ব্যক্তিদের ব্যবহার করবেন না
- ন্যায্য মজুরী প্রদান করবেন এবং মজুরি আটকে রাখবেন না
- চাকুরির চুক্তি সম্পাদন করবেন
- মানবাধিকার আইন মেনে চলবেন

4. **যারা আপনার পক্ষে বা আপনার সাথে কাজ করে, তাদের সাথে আপনি সমানভাবে এবং মর্যাদা ও সম্মানের সাথে আচরণ করবেন।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- আপনার কর্মচারীদের ধমক দিবেন না, হয়রানী করবেন না বা ভয় দেখাবেন না
- বৈষম্য করবেন না
- বয়স, জাতি, বর্ণ, জাতীয়তা, ধর্ম/বিশ্বাস, লিঙ্গ, বৈবাহিক/সঙ্গীর অবস্থা, গর্ভাবস্থা/মাতৃত্ব, লিঙ্গ বা যৌন পরিচিতি নির্বিশেষে সবার সাথে ন্যায্য ও সমান আচরণ করবেন।
- প্রাসঙ্গিক সমতা ও বৈষম্য বিরোধী আইন মেনে চলবেন

### 5. **আপনি নিরাপদ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ নিশ্চিত করবেন।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- দক্ষ হতে হবে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করবেন
- কাজের সকল সরঞ্জামাদি নিরাপদ রাখা, সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা, নিয়ম মানা, নিরাপদে ব্যবহার করা ও সংরক্ষণ করা নিশ্চিত করবেন
- সিডাবলুজিসি [CWGC] প্রদত্ত স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশিকা [ health and safety guidance ] মেনে চলবেন
- প্রাসঙ্গিক স্বাস্থ্য ও নিরাপত্তা আইন মেনে চলবেন

### 6. **ক্ষতি থেকে পরিবেশ রক্ষা করবেন।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- পরিবেশগত সকল আইন মেনে চলবেন এবং স্থানীয় সর্বোত্তম অনুশীলনের মান প্রতিপালনের চেষ্টা করবেন
- আপনি ও আপনার তৃতীয় পক্ষগুলো কর্তৃক সিডাবলুজিসি [CWGC]-কে প্রদত্ত কাজকর্ম, পণ্য এবং/অথবা সার্ভিস দেওয়ার পরিপ্রেক্ষিতে সৃষ্ট পরিবেশগত প্রভাব কমিয়ে রাখবেন
- আইনানুগভাবে বর্জ্য ব্যবস্থাপনা করবেন

### 7. **আপনি কোন পণ্য বা উপকরণ অবৈধ বা অনৈতিক চর্চার মাধ্যমে উৎসারিত না হওয়া নিশ্চিত করবেন।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- বেআইনি বা অনৈতিক চর্চার মাধ্যমে উৎসারিত কোন উপকরণ বা পণ্য সিডাবলুজিসি [CWGC]-কে সরবরাহ করবেন না (এবং জিজ্ঞাসা করলে এটি প্রমাণ করতে সক্ষম হবেন)
- দ্বন্দ্বে জড়িত কোন খনিজ ক্রয় করবেন না

### 8. **আপনি আমাদের মেধা সম্পদ, ডেটা এবং গোপনীয় তথ্যের অননুমোদিত ব্যবহার বা তাতে অননুমোদিতভাবে প্রবেশ করা থেকে রক্ষা করবেন।**

**এর মানে হল যে, আপনি ও যারা আপনার হয়ে কাজ করবেন, তারা যা করবেন - তা হলোঃ**

- সিডাবলুজিসি [CWGC] -র ডেটা সুরক্ষিত ও গোপনীয় রাখবেন
- সম্মতি ছাড়া সিডাবলুজিসি [CWGC] -এর ডেটা (আপনার সাব-কন্ট্রাক্টর সহ) কারো সাথে শেয়ার করবেন না
- সিডাবলুজিসি [CWGC] ব্র্যান্ডের কোন পোশাক পরবেন না বা এমন কিছু করবেন না, যেখানে ধারণা করা যাবে যে, আপনি সিডাবলুজিসি [CWGC] -এর একজন কর্মচারী
- প্রযোজ্য ডেটা সুরক্ষা আইন মেনে চলবেন
- সিডাবলুজিসি [CWGC]-এর কোনো ডেটা বা তথ্য নিরাপত্তা বিষয়ে কোন সমস্যা দেখা দিলে, তা অবিলম্বে জানাবেন

আমরা কাজের শুরুতে ও আমাদের সাথে কাজের সম্পর্ক চালু থাকা অবস্থায় ঐ সব প্রয়োজনীয়তাগুলো মেনে চলার স্বপক্ষে প্রামানিক তথ্য সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করতে পারি। আপনি যদি এই প্রয়োজনীয়তাগুলো মেনে চলতে না পারেন বা না করতে পারেন, তবে আমরা আপনার সাথে সম্পর্ক স্থাপন করবো না বা স্থাপিত সম্পর্ক বাতিল করে দিতে পারি।

আমরা আমাদের কাজকর্ম বা সাপ্লাই চেইনের যেকোন পর্যায়ে যেকোন সমস্যা, অন্যায় বা অনৈতিক আচরণ পাওয়া গেলে, সে সম্পর্কে কথা বলতে আপনাকে উৎসাহিত করছি। কোন উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে তা ইমেল করে জানান, ইমেইল ঠিকানাঃ concerns@cwgc.org.

সরবরাহকারীর এই আচরণবিধির সাথে সম্পর্কিত কোন বিষয়ে আপনি যদি কিছু জানতে চান বা আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার সাথে যোগাযোগে থাকা সিডাবলুজিসি[CWGC] এর ব্যক্তির কাছে সেটি উথ্থাপন করুন বা সিডাবলুজিসি [CWGC] এর কমপ্লায়েন্স টিমকে সরাসরি ইমেল করুনঃ compliance.ethics@cwgc.org.

**সংস্করণ নিয়ন্ত্রণ**

| নথির নাম | সরবরাহকারীর আচরণবিধি | |
|---|---|---|
| সংস্করণ | 1.0 | |
| **নথির স্বত্বাধিকারী** | **কার্যকর হওয়ার তারিখ** | **পর্যালোচনার তারিখ** |
| জেনারেল কাউন্সেল | 01/12/2023 | 01/12/2025 |